যুগান্তর

তারিখ 03 APR 2016
পৃষ্ঠা ৭ কলাম ৪

# গৌরনদীর স্কুলছাত্রীকে ২৮ দিন আটকে রেখে ধর্ষণ

(৩য় পৃষ্ঠার পর)

গ্রেফতার করে। সুলতান পটুয়াখালী জেলার মির্জাগঞ্জ থানার আমলাগাছিয়া গ্রামের রশিদ গাজীর ছেলে।
**রৌমারী (কুড়িগ্রাম) :** বৃহস্পতিবার সকালে উপজেলার বাইমমারী গ্রামে পঞ্চম শ্রেণীর এক ছাত্রী স্কুলে যাওয়ার প্রস্তুতি নিচ্ছিল। এসময় একই গ্রামের নুরুল আমিনের ছেলে বখাটে মাসুদ রানা ঘরে ঢুকে তাকে ধর্ষণের চেষ্টা চালায়। মেয়েটির চিৎকারে গ্রামবাসী এগিয়ে এলে মাসুদ পালিয়ে যায়। ঘটনার সময় তার দিনমজুর মা-বাবা বাইরে ছিলেন।
এ ব্যাপারে ছাত্রীর বাবা বাদী হয়ে রৌমারী থানায় মামলা করেছেন। তিনি বলেন, 'লম্পট মাসুদ যাদুরচর ইউপি চেয়ারম্যান শরবেশ আলীর এপিএস। সে বলেছে, মামলা না তুললে আমার মেয়ের লেখাপড়া তারা বন্ধ করে দেবে। এ নিয়ে খুব ভয়ে আছি।' তিনি জানান, ঘটনা ধামাচাপা দিতে শুক্রবার রাতে চেয়ারম্যান শরবেশ আলী সালিশি বৈঠক করে বিষয়টি মীমাংসার জন্য ৬০ হাজার টাকা দেয়ার প্রস্তাব দিয়েছেন। এ ব্যাপারে চেয়ারম্যান শরবেশ আলী বলেন, 'ওটা একটা ভুল বোঝাবুঝি ছিল। বিষয়টির মীমাংসা করে দেয়া হয়েছে।' রৌমারী থানার ওসি এবিএম সাজেদুল ইসলাম বলেন, ঘটনার তদন্ত চলছে এবং অভিযুক্ত বখাটেকে ধরার জন্য পুলিশ খুঁজছে।
**আগৈলঝাড়া :** বরিশালের আগৈলঝাড়ার গৈলা ইউনিয়নের পতিহার গ্রামে ৬ বছরের এক শিশুর শ্লীলতাহানির ঘটনায় অভিযুক্ত তানভীরকে তার চাচা সেলিম সরদার পুলিশে সোপর্দ করেন। কিন্তু শনিবার সকালে তাকে অজ্ঞাতকারণে ছেড়ে দিয়েছে পুলিশ। এ ব্যাপারে এসআই হাবিবের কাছে জানতে চাইলে তিনি সাংবাদিকদের জানান, শ্লীলতাহানির ব্যাপার সম্পূর্ণ মিথ্যা। আর হান্নান সরদার একজন ভণ্ড ও প্রতারক।